# তনু হত্যা মামলায় সাবেক সেনা সদস্যের জামিন বাতিল



ছবি: সংগৃহীত

কুমিল্লার ভিক্টোরিয়া সরকারি কলেজের শিক্ষার্থী সোহাগী জাহান তনু হত্যা মামলায় অবসরপ্রাপ্ত সেনাসদস্য হাফিজুর রহমানের জামিন বাতিল করেছেন আদালত। একই সঙ্গে তাকে ২৪ ঘণ্টার মধ্যে সংশ্লিষ্ট আদালতে আত্মসমর্পণের নির্দেশ দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার (৬ আগস্ট) বিষয়টি নিশ্চিত করেন আইনজীবী মো. রুহুল কুদ্দুস কাজল।

এর আগে, ২ আগস্ট হাইকোর্টে শুনানি শেষে বিচারপতি জাকির আহমেদ ও বিচারপতি সাথীকা হোসাইনের সমন্বয়ে গঠিত বেঞ্চ হাফিজুর রহমানকে জামিন দেন। ওই আদেশের পর ৪ আগস্ট সন্ধ্যায় তিনি কুমিল্লা কেন্দ্রীয় কারাগার থেকে মুক্তি পান।

তনু হত্যা মামলার ঘটনার এক দশকের বেশি সময় পর চলতি বছরের ২২ এপ্রিল রাতে ঢাকার কেরানীগঞ্জ এলাকা থেকে হাফিজুর রহমানকে গ্রেপ্তার করে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)। পরদিন তাকে আদালতে হাজির করা হলে কুমিল্লার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত তিন দিনের রিমান্ড মঞ্জুর করেন।

সর্বশেষ আদালত তার জামিন আদেশ বাতিল করে নির্ধারিত সময়ের মধ্যে আত্মসমর্পণের নির্দেশ দিয়েছেন।

LENS ASIA